অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/12/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো শিশুদের ক্ষেত্রে COVID-19 পরীক্ষার জন্য হাসপাতালকে অগ্রাধিকার দিতে নির্দেশ দিয়েছেন

স্টেট আনুমানিক 100টি রিপোর্ট হওয়া কেস এবং 3 জন শিশুর মৃত্যু তদন্ত করছে যাদের মাঝে COVID অসুস্থতার উপসর্গের মতো বিচিত্র কাওাসাকি রোগের অনুরূপ উপসর্গ এবং বিষাক্ত শকের মতো সিন্ড্রোম দেখা গিয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো শিশুদের জন্য COVID-19 পরীক্ষার অগ্রাধিকার দিতে আজ হাসপাতালগুলোকে নির্দেশ করেছেন যে সকল শিশুরা বিচিত্র প্রকৃতির কাওয়াসাকি রোগ এবং বিষাক্ত শক-সদৃশ সিনড্রোমের অনুরূপ লক্ষণগুলি প্রদর্শন করে। স্টেট বর্তমানে নিউ ইয়র্কে প্রায় 100টি রিপোর্ট তদন্ত করছে যেখানে প্রধানত স্কুল বয়সী শিশুরা সম্ভবত COVID-19 এর কারণে এই উপসর্গগুলি অনুভব করছে। এই অসুখে নিউ ইয়র্ক শহরের 5 বছরের এক শিশু, ওয়েস্টচেস্টার কাউন্টির 7 বছরের এক শিশু এবং সাফোক কাউন্টির এক কিশোর-সহ তিন তরুণ নিউ ইয়র্কের বাসিন্দার প্রাণ নিয়েছে।

"আমরা এই ভাইরাসের প্রতিটি ধাপ কেমন তা পর্যবেক্ষণে রেখেছি এবং যদিও আমরা এখন দেখছি যে আক্রান্তের সংখ্যা কমে যাচ্ছে, তবুও ভাইরাস এখনও আমাদের অবাক করছে," **গভর্নর কুওমো বলেন।** "প্রাথমিকভাবে আমরা ভেবেছিলাম COVID-19 শিশুদের প্রভাবিত করেনি এবং এখন আমরা একটি বিরক্তিকর বিষয় মোকাবেলা করছি যেখানে আমরা প্রায় 100 শিশুর মধ্যে একটি প্রদাহজনক রোগ দেখছি যা এই ভাইরাস দ্বারা সৃষ্টি বলে মনে হচ্ছে। নিউ ইয়র্ক এই পরিস্থিতির তদন্তের নেতৃত্ব দিচ্ছে এবং আমরা সকল হাসপাতাল এবং মেডিকেল সেবা প্রদানকারীদেরকে এই অসুখের উপসর্গ প্রদর্শন করছে এমন কোনো শিশুদের জন্য ডায়াগনস্টিক পরীক্ষার অগ্রাধিকার দেওয়ার পরামর্শ দিয়েছি।"

নিউ ইয়র্কের বাসিন্দাদের দ্রুত সেবা নেওয়ার কথা ভাবতে হবে যদি কোনো শিশুর:

- দীর্ঘস্থায়ী জ্বর (পাঁচ দিনের বেশি) থাকে
- খাওয়াতে অসুবিধা (শিশু) বা খুব অসুস্থ যে তরল পান না করতে পারে
- তীব্র পেটে ব্যথা, ডায়রিয়া বা বমি
- ত্বকের রং পরিবর্তন-ফ্যাকাশে হয়ে যাওয়া, সামঞ্জস্যহীন এবং/অথবা নীল

- শ্বাস কষ্ট বা খুব দ্রুত শ্বাস নেওয়া
- রেসিং হার্ট বা বুকে ব্যথা
- প্রস্রাবে ফ্রিকোয়েন্সির পরিমাণ কমে যাওয়া
- আলস্য, খিটখিটে মেজাজ বা বিভ্রান্তি প্রকাশ করলে

রোগ নিয়ন্ত্রণ কেন্দ্র (Centers for Disease Control, CDC)-এর অনুরোধে স্টেট COVID সংক্রান্ত অসুস্থতা শনাক্তকরণ এবং এই রোগের প্রেক্ষিতে সাড়া দিতে জাতীয় মানদণ্ডকে বিকশিত করতে সহায়তা করছে। শিশুদের COVID-সম্পর্কিত অসুস্থতা এবং এই সিনড্রোমের সম্ভাব্য জেনেটিক ভিত্তিকে আরও ভালোভাবে বুঝার জন্য জিনোম ও RNA সিকোয়েন্সিং গবেষণা করার জন্য স্টেট স্বাস্থ্য দপ্তর (State Department of Health), NY জিনোম সেন্টার (NY Genome Center) এবং রকফেলার বিশ্ববিদ্যালয়টির সাথে অংশীদারিত্ব করছে। নিউ ইয়র্ক স্টেট শিশুদের ক্ষেত্রে COVID-সংক্রান্ত অসুস্থতা নিয়ে উদ্ভূত ঘটনা সারা দেশের আরও 49টি স্টেটকে অবহিত করছে।

গভর্নর কুওমোর নির্দেশনায় স্টেট স্বাস্থ্য দপ্তর (State Department of Health) এই মারাত্মক প্রদাহজনক রোগ সম্পর্কে একটি পরামর্শমূলক নির্দেশনা জারি করেছেন, যার নাম "COVID-19 এর সাথে সম্পর্কিত পেডিয়াট্রিক মাল্টি-সিস্টেম ইনফ্লেমেটরি সিনড্রোম", স্বাস্থ্যসেবা প্রদানকারীদের এই প্রদাহের অবস্থা অবহিত করার পাশাপাশি পরীক্ষা এবং প্রতিবেদনের জন্য নির্দেশনা প্রদান করতে। স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীকে, হাসপাতালসহ, 21 বছরের কম বয়সীদের মধ্যে সম্ভাব্য COVID-19-এর সাথে সম্পর্কিত পেডিয়াট্রিক মাল্টি-সিস্টেম ইনফ্লেমেটরি সিনড্রোমের ক্ষেত্রে স্বাস্থ্য বিভাগে রিপোর্ট করতে হবে।

যদিও অধিকাংশ শিশু যারা যুক্তরাজ্যে COVID-19-এর অভিজ্ঞতা লাভ করেছে শুধুমাত্র হালকা উপসর্গ প্রকাশ করেছে, তাদেরও পেডিয়াট্রিক COVID-19 এবং গুরুতর প্রদাহজনক রোগের সাথে একটি সম্ভাব্য লিঙ্ক পাওয়া গেছে। প্রদাহজনক সিন্ড্রোমের এমন বৈশিষ্ট্য আছে যা কাওয়াসাকি রোগ এবং বিষাক্ত শক সিন্ড্রোমের চেয়ে গুরুতর উপসর্গ প্রকাশ করে এবং তীব্র COVID-19 থেকে অসুস্থ হওয়ার পরের দিন থেকে সপ্তাহের মধ্যে তা ঘটতে পারে। এটি ক্রমাগত জ্বর, পেটের উপসর্গ, ফুসকুড়ি, এমনকি কার্ডিওভাসকুলার উপসর্গ প্রকাশ করে এবং এই সকল উপসর্গগুলির ক্ষেত্রে নিবিড় যত্নের প্রয়োজন আছে।

এই উপসর্গ দেখা দিলেই পেডিয়াট্রিক্সের দ্বারা প্রাথমিক পর্যায়ে রোগ চিহ্নিত করতে পারা এবং বিশেষজ্ঞের কাছে ক্রিটিক্যাল কেয়ারের জন্য রেফার করা অপরিহার্য। এই উপসর্গগুলি দেখা দিলেই শিশুদের মধ্যে COVID-19 আছে কি না তা শনাক্ত করতে আণবিক এবং সেরোলজিক্যাল টেস্টিং সুপারিশ করা হচ্ছে। অধিকাংশ রোগী যারা COVID-19 পজিটিভ হয়েছে, যাদের কিছু সংখ্যক SARS-COV-2 শনাক্ত হয়েছে আণবিক টেস্টিংয়ের ফলে, আর অন্যদের সেরোলজিক্যাল টেস্টিং এর ফলে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন